

**পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি**


শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পরিচালিত উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের (Higher Education Quality Enhancement Project, HEQEP) পার্সোনাল এসিস্ট্যান্ট পদে সাকুল্য বেতনে প্রকল্পের মেয়াদকালের (৩১/১২/২০১৩) জন্য চুক্তিভিত্তিক নিয়োগের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং.	পদের নাম, বেতন স্কেল, সাকুল্য বেতন, পদ সংখ্যা ও বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও প্রয়োজনীয় অভিজ্ঞতা
১.	পদের নাম: পার্সোনাল এসিস্ট্যান্ট বেতন স্কেল: টাকা ৬,৪০০-৪১৫x৭-৯,৩০৫-ইবি-৪৫০x ১১-১৪,২৫৫/- সাকুল্য বেতন: টাকা ১১,২৪০/- পদ সংখ্যা: ১টি বয়সসীমা: সর্বোচ্চ ৩০ বছর	শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোন বিষয়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী পাশ। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।  অভিজ্ঞতা/দক্ষতা/প্রশিক্ষণ: ১. কম্পিউটার ব্যবহারে দক্ষতাকে প্রাধান্য দেয়া হবে (বাংলা টাইপের গতি প্রতি মিনিটে ২৫ শব্দ ও ইংরেজী টাইপের গতি প্রতি মিনিটে ৪০ শব্দ), এমএস এক্সেল, পাওয়ার পয়েন্ট ইত্যাদি।

**শর্তাবলী:**

নিম্নলিখিত বিবরণ ও সত্যায়িত সনদপত্রসহ আবেদন ডাকযোগে/সরাসরি/ই-মেইলে প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প, ঢাকা ট্রেড সেন্টার (৯ম তলা), ৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ বরাবরে ...৩১/১২/২০১২ তারিখের মধ্যে পৌঁছাতে হবে:

- আবেদনপত্রে প্রার্থীর নাম ও স্বাক্ষর, পিতা-মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, টেলিফোন নম্বর/মোবাইল নম্বর/ই-মেইল, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, অভিজ্ঞতা/দক্ষতা/প্রশিক্ষণ ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর পাসপোর্ট সাইজের সদ্যতোলা ২ কপি রঙিন ছবি (সত্যায়িত), জাতীয়তা সনদপত্র/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।  
(ছবিসহ সকল সত্যায়িত সনদপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র ১ম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা/পৌরসভার মেয়র/কাউন্সিলার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নাম, পদবীসহ সীলযুক্ত হতে হবে)।
- আবেদনকারী প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প, ঢাকা ট্রেড সেন্টার (৯ম তলা), ৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ এর অনুকূলে ১০০/- (একশত টাকা মাত্র) অফেরতযোগ্য ব্যাংক/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) আবেদনপত্রের সাথে সংযুক্ত করবেন।
- মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যাদের কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি ও অন্যান্য বিশেষ ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট সনদপত্রের কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।
- চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সমূহ বাতিল হিসেবে গণ্য হবে। দরখাস্ত গ্রহণ বা বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।
- প্রকল্পের জনবল সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবে এবং প্রচলিত আচরণবিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।
- কাজের মান সন্তোষজনক না হলে প্রকল্প পরিচালক/উপযুক্ত কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পে নিয়োজিত জনবলের চুক্তি বাতিল করতে পারবেন। তবে চুক্তি বাতিলের পূর্বে সরকারি পাওনা আদায় করা হবে।
- চুক্তিভিত্তিক নিয়োজিত জনবল অস্থায়ী কর্মচারীদের ন্যায় ছুটি প্রাপ্য হবেন।
- চুক্তিভিত্তিক নিয়োজিত জনবলের বেতন-ভাতাদি নির্ধারণের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলী অনুসৃত হবে।
- প্রকল্প মেয়াদ শেষে চুক্তিপত্রই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
- খামের উপর আবেদনকৃত পদের নাম এবং নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।



(কানিজ ফাতেমা, এন.ডি.সি.)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৮৯০২০

ই-মেইল: [pd\\_heqep@yahoo.com](mailto:pd_heqep@yahoo.com)